

অধিকতর সুনির্দিষ্ট ও অধুনা বিখ্যাত-অনুসৃত  
আকারমাত্রিক স্বরলিপি -পদ্ধতির সংক্ষিপ্ত ব্যাখ্যা

- ১ স র গ ম প ধ ন—সপ্তক। খাদ-সপ্তকের চিহ্ন স্বরের নীচে হসন্ত, যথা—  
প্, ধ্, এবং উচ্চ-সপ্তকের চিহ্ন স্বরের মাথায় রেফ, যথা—র্, র্।
- ২ কোমল র—ঋ, কোমল গ—ঙ, কড়ি ম—ঋ, কোমল ধ—দ এবং  
কোমল ন—ণ।
- ৩ ঋ<sup>১</sup> = অতিকোমল ঋষভ। অতিকোমল ঋষভের স্থান স ও ঋ স্বরদ্বয়ের  
মধ্যবর্তী। ঙ<sup>১</sup>, দ<sup>১</sup>, ণ<sup>১</sup> = যথাক্রমে অতিকোমল গাক্ষার, ধৈবত ও নিষাদ।  
ঋ<sup>২</sup> = অণুকোমল ঋষভ। অণুকোমল ঋষভের স্থান ঋ ও র স্বরদ্বয়ের মধ্যবর্তী।  
ঙ<sup>১</sup>, দ<sup>২</sup>, ণ<sup>২</sup> = যথাক্রমে অণুকোমল গাক্ষার, ধৈবত ও নিষাদ।
- ৪ একমাত্রা = ১। অর্ধমাত্রা = :। সিকিমাত্রা = ০। দুইটি অর্ধমাত্রা, যথা—  
সরা। চারিটি সিকিমাত্রা, যথা—সরগমা। দুইটি সিকিমাত্রা, যথা—সরঃ।  
একটি সিকিমাত্রা, যথা—স০। একটি অর্ধমাত্রা ও দুইটি সিকিমাত্রা মিলিয়া  
একমাত্রা, যথা—সঃ গরঃ। একটি দেড়মাত্রা ও একটি অর্ধমাত্রা মিলিয়া দুই  
মাত্রা, যথা—রাঃ গঃ।
- ৫ কোনো আসল স্বরের পূর্বে যদি কোনো নিমেষকালস্থায়ী আনুষঙ্গিক স্বর একটু  
ছুঁইয়া যায় মাত্র, তাহা হইলে সেই স্বরটি ক্ষুদ্র অক্ষরে আসল স্বরের বাম পার্শ্বে  
লিখিত হয়। যথা—সরা ঋরা। আসল স্বরের পরে কখনো অন্য স্বরের ঙ্মৎ  
রেশ লাগে; তখন ঐ স্বর ক্ষুদ্র অক্ষরে দক্ষিণ পার্শ্বে লিখিত হয়, যথা—রাঃ।
- ৬ বিরামের চিহ্ন ও মাত্রাসমূহের চিহ্ন একই; হাইফেন-বর্জিত হইলে এবং  
স্বরাক্ষরের গায়ে সংলগ্ন না থাকিলেই সেই মাত্রা, বিরামের মাত্রা বলিয়া  
বুঝিতে হইবে। সুরের ঋণিক স্তরভুক্তকে বিরাম বলে।
- ৭ তাল-বিভাগের চিহ্ন এক-একটি দাঁড়ি। সমে ও সম্ হইতে তালের এক  
ফেরা হইয়া গেলে দাঁড়ির স্থলে I এরূপ একটি 'দণ্ড' চিহ্ন বসে। প্রায়  
প্রত্যেক কলির আরম্ভে দুইটি দণ্ড বসে। যেখানে গান একেবারে শেষ হয়  
সেখানে চারিটি দণ্ড বসে।
- ৮ মাত্রাসমষ্টি ভিন্ন ভিন্ন গুচ্ছে বিভক্ত, প্রত্যেক গুচ্ছের প্রথম মাত্রার শিরোধেশে  
১, ২, ৩, ৪, ০, ইত্যাদি সংখ্যা বিভিন্ন তালার নির্দেশ করে। শূন্য-চিহ্নে (০)  
কঁক ও যে সংখ্যায় রেফ-চিহ্ন থাকে (১') তাহাতেই সম্ বুঝিতে হইবে।
- ৯ আস্থায়ীতে প্রত্যাবর্তনের চিহ্নস্বরূপ দুইটি করিয়া দণ্ড বসে। কোনো কলির  
শেষে II এই যুগল দণ্ড এবং সব-শেষে II II দুই জোড়া দণ্ড দেখিলেই  
আস্থায়ীর প্রথমে যেখানে যুগল দণ্ড আছে সেইখান হইতে আবার আরম্ভ  
করিবে।

- ১০ আস্থায়ীর আরম্ভে, II এই যুগল দণ্ডের বাহিরে গানের অংশ গান ধরবার সময় একবার মাত্র গাহিবে ; কারণ প্রত্যেক কলির শেষে এই অংশটুকু " " এরূপ উদ্ভৃতি-চিহ্নের মধ্যে পুনঃ পুনঃ লিখিত হইয়া থাকে ।
- ১১ অবসানের চিহ্ন, শিরোদেশে যুগল দাঁড়ি, যথা— সা । হয় এইখানে একেবারে ধামিবে ; নয় এইখানে ধামিয়া গানের অন্ত কলি ধরিবে ।
- ১২ পুনরাবৃত্তির চিহ্ন { } এই গুণবন্ধনী ; এবং পুনরাবৃত্তিকালে কতকগুলি স্বর বাদ দিয়া যাইবার চিহ্ন ( ) এই বক্র বন্ধনী, যথা—{ সা রা ( গা মা ) } । মা পা ।
- ১৩ পুনরাবৃত্তিকালে কোনো সুরের পরিবর্তন হইলে, শিরোদেশে [ ] এই সরল বন্ধনীচিহ্নের মধ্যে পরিবর্তিত স্বরগুলি স্থাপিত হয়, যথা—{ সা রা গা } । কলির শেষে যুগল দণ্ডের মধ্যে ও সব-শেষে দুই প্রস্থ যুগল দণ্ডের মধ্যে [ ] এই সরল বন্ধনী থাকিলে, যথা— I [ ] I, II [ ] II, আস্থায়ীতে ফিরিয়া পরিবর্তিত সুর গাহিতে হয় ।
- ১৪ কোনো এক স্বর যখন আর-এক স্বরে বিশেষরূপে গড়াইয়া যায়, তখন স্বরের নীচে এইরূপ য়োড়-চিহ্ন থাকে, যথা— গা -পা ।
- ১৫ যখন স্বরের নীচে গানের অক্ষর না থাকে, তখন সেই স্বর বা স্বরগুলির বাম পার্শ্বে হাইফেন ( - ) বসে এবং গানের পংক্তিতে শূন্য ( ° ) দেওয়া হয় ; যথা— সা -া -া -া । অথবা— সা -রা -গা -মা । একই স্বর পৃথক বোঁকে উচ্চারিত মা • • •                      মা • • • হইলে সেই স্বরের বাম পার্শ্বেও হাইফেন বসে ; যথা— সা -সা -রা -রা । অথবা— সা -সা -রা -রা । মা • • •                      গা • • ন্
- ১৬ নীচে গানের অক্ষর স্বরান্ত না হইলে উপরে স্বরের বাম পার্শ্বে হাইফেন ( - ) বসে । যথা— সা -রা -গা -মা । সা -া -া -া । গা • • ন্                      গা • • ন্

উচ্চারণ । স্বরলিপির ভিতরে প্রায় সব কথার বানান যথাসাধ্য উচ্চারণ-অনুযায়ী বিশ্লেষ করিয়া দেখাইতে যত্ন করা হইয়াছে । ঁ=এ এবং ং=আ, যেরূপ বেদনা ও বেলা শব্দের প্রথম ব্যঞ্জনাল্পিত একারের মুদ্রণে ইঙ্গিত করা হইয়াছে । তাহা ছাড়া 'অবেলার' বিশ্লেষিত হইলে ছাপা হয়—অ বে লা র । 'মনে'—ম নে ।